# গদ্য

# মমতাদি

## মানিক বন্দ্যোপাধ্যায়

এই অধ্যায়ের বিগত বছরসমূহের বোর্ড প্রশ্নের বিশ্লেষণ:

| বোর্ড | ২০২৪ | | | | | ২০২৩ | | | | | ২০২২ | | | | | ২০২০ | | | | | ২০১৯ | | | | | ২০১৮ | | | | | ২০১৭ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ | CQ | | | | MCQ |
| | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | | ক | খ | গ | ঘ | |
| ঢাকা | | | | | ১ | | | | | ১ | | | | | ১ | | | | | ১ | | | | | | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| রাজশাহী | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | ১ |
| চট্টগ্রাম | | | | | ১ | | | | | ২ | | | | | ১ | | | | | | | | | | ১ | | | | | ১ | | | | | |
| সিলেট | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | ১ |
| বরিশাল | ১ | ১ | ১ | ১ | | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | |
| যশোর | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | ১ | | | | | ১ | | | | | ১ |
| কুমিল্লা | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| দিনাজপুর | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১ | | | | | ১ | | | | | ১ |
| ময়মনসিংহ | ১ | ১ | ১ | ১ | | ১ | ১ | ১ | ১ | ২ | | | | | ১ | | | | | ১ | | | | | | | | | | | | | | | |

## MCQ প্রশ্ন ও সমাধান

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নসমূহ

০১। মমতাদির নিঃসংকোচ আবেদন বলতে কোন আবেদনকে বোঝানো হয়েছে? [ঢা.বো.'২৪]

(a) দ্বন্দ্বমুক্ত (b) দ্বিধামুক্ত
(c) সংকোচহীন (d) সরল

০২। 'দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে মাথা উঁচু রাখিস'- এ কথার প্রতিফলন দেখা যায় কোন চরিত্রের মধ্যে?

(a) কাঙালীর মা (b) সুভার মা [রা.বো.'২৪]
(c) সর্বজয়া (d) মমতাদি

০৩। 'সে যেন ছায়াময়ী মানবী।'– মমতাদি সম্পর্কে লেখকের এ মন্তব্যের কারণ হলো, মমতাদির- [চ.বো.'২৪]

(i) মৌনতা (ii) লৌকিকতা (iii) কর্মনিষ্ঠা

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

০৪। "আমার গা ঘেঁষে বসে পড়ল" –কে বসে পড়ল? [সি.বো.'২৪]

(a) খোকা (b) অভাগী (c) মমতাদি (d) কাঙালী

০৫। মমতাদি হয়তো বেতন আশা করেছিল– [য.বো.'২৪; ঢা.বো.'২৩; দি.বো.'২০]

(a) ১০ টাকা (b) ১২ টাকা
(c) ১৫ টাকা (d) ১৮ টাকা

০৬। নোরা মনে করে ক্ষুদ্র কোণে অবস্থান করে সংসার করাই নারীর একমাত্র কাজ নয়। সে চায় বৃহত্তর সমাজ জীবনের মধ্যে আত্মমর্যাদা সমুন্নত রেখে আত্মপ্রতিষ্ঠা লাভ করতে। উদ্দীপকের নোরার মানসিকতা তোমার পঠিত কোন গল্পে দেখা যায়? [কু.বো.'২৪]

(a) মমতাদি (b) সুভা
(c) আম-আঁটির ভেঁপু (d) নিয়তি

০৭। 'মা যদি বলতেন খোকা উঠে আয়–তবে পরদিন থেকে সে আর আসত না'– মমতাদির না আসার কারণ হতে পারত- [দি.বো.'২৪]

(i) চক্ষুলজ্জা (ii) অপমানিত বোধ করা
(iii) আত্মসম্মানবোধ

নিচের কোনটি সঠিক

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

০৮। মাইনে পনের টাকা শুনে মমতাদির দুচোখে জল এলো কেন?

(a) আনন্দে (b) কৃতজ্ঞতায় [রা.বো.'২৩]
(c) কষ্টে (d) উত্তেজনায়

### উত্তরমালা

| ০১. c | ০২. d | ০৩. b | ০৪. c | ০৫. b | ০৬. a | ০৭. c | ০৮. b |
|---|---|---|---|---|---|---|---|

০৯। মমতাদি কয়টি লেবু কিনেছিল? [চ.বো.'২৩]
(a) একটি (b) দুটি
(c) তিনটি (d) চারটি

১০। 'গৃহকর্মী লাভলী তারেককে ছোটো ভাইয়ের মতো ভালোবাসে।' লাভলীর সাথে কার সাদৃশ্য রয়েছে? [চ.বো.'২৩]
(a) দুর্গার (b) মমতাদির
(c) ফুলকলির (d) রানির

১১। সোহানদের বাড়িতে একজন দরিদ্র মহিলা থাকেন। সোহান তার সাথে ভাব করে। মহিলাও সোহানকে নিজ সন্তানের মতো ভালোবাসেন। [সি.বো.'২৩]
উদ্দীপকটি নিচের কোন রচনার ভাবের সাথে সঙ্গতিপূর্ণ?
(a) মমতাদি (b) একাত্তরের দিনগুলি
(c) আম-আঁটির ভেঁপু (d) সুভা

১২। 'মমতাদি' গল্পে ছেলেটির বাড়ির সকলে মমতাদির প্রতি খুশি হলেন কেন? [ব.বো.'২৩]
(a) তার শৃঙ্খলা দেখে (b) তার পরিশ্রম দেখে
(c) তার ধৈর্য দেখে (d) তার ব্যবহার দেখে

১৩। 'মমতাদি' গল্পে মমতাদি তার স্বামীর কল্পিত চাকরির সংবাদে লেখককে কী খাওয়াতে চেয়েছিল? [কু.বো.'২৩]
(a) বাতাসা (b) সন্দেশ (c) রসগোল্লা (d) কমলালেবু

১৪। 'এত কথা কইতে পারে আপনার ছেলে।'–মমতাদির এ কথাটির দ্বারা প্রকাশ পেয়েছে– [দি.বো.'২৩]
(i) ব্যাকুলতা (ii) চঞ্চলতা (iii) স্নেহকাতরতা
**নিচের কোনটি সঠিক?**
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

১৫। মমতাদির বেতন কত টাকা ঠিক হয়েছিল? [ম.বো.'২৩, সি.বো.'২০]
(a) ১২ (b) ১৩ (c) ১৫ (d) ১৬

১৬। "সে চমক ও লালিমার বার্তা বোধ হয় মার হৃদয়ে পৌঁছল"– এখানে যা প্রকাশ করা হয়েছে তা হলো- [ম.বো.'২৩]
(a) সহানুভূতি (b) দায়িত্ব দেওয়া
(c) চমকে ওঠা (d) ভয় পাওয়া

১৭। 'মমতাদি' গল্পে মমতাদির চোখের অবস্থা কেমন ছিলো? [ঢা.বো.'২২]
(a) নিষ্প্রভ (b) অনুজ্জ্বল (c) অচঞ্চল (d) নিষ্পলক

১৮। 'মমতাদি' গল্পে মমতাদির কর্ম ও জীবিকার প্রতি শ্রদ্ধা প্রকাশ পেয়েছে কোন বাক্যে? [ব.বো.'২২]
(a) তোমার কষ্ট দূর হয়েছে তাতে আমরাও খুব সুখী।
(b) বেশি আস্কারা দিও না জ্বালিয়ে মারবে।
(c) তুমি চলে গেলে আমাদেরও কি ভালো লাগবে।
(d) তুমি ইচ্ছে করলে এ বেলাই কাজ ছেড়ে দিতে পারো।

১৯। 'মমতাদি' গল্পে ছেলেটির মুখে, 'বামুনদি' ডাক শুনে মমতাদি চমকে হাসি বন্ধ করল কেন? [রা.বো.'২২, য.বো.'১৭]
(a) আত্মসম্মানে আঘাত লাগায়
(b) আচমকা ডাক দেওয়ায়
(c) গৃহকর্মে ব্যস্ত থাকায়
(d) ছেলের কথা মনে পড়ায়

২০। 'মমতাদি' গল্পে কোন বিষয়টি প্রাধান্য পেয়েছে? [চ.বো., দি.বো.'২২]
(a) মমতাদির কাজের ক্ষিপ্রতা ও দক্ষতা
(b) মমতাদির অসহায়ত্ব ও আত্মমর্যাদাবোধ
(c) গৃহকর্মে নিয়োজিত মানুষের প্রতি মানবিক আচরণ
(d) মমতাদির প্রতি সম্মান ও সহমর্মিতা

২১। "আমায় বামুনদি বোলো না খোকা। শুধু দিদি বোলো।"– এ উক্তিতে মমতাদি চরিত্রের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? [য.বো.'২২, রা.বো.'১৯]
(a) স্নেহশীলতা (b) সংকোচ ভাব
(c) সরলতা (d) আত্মমর্যাদাবোধ

২২। মমতাদির কাজে সকলে খুশি হলেন কেন? [কু.বো.'২২]
(a) কাজে শৃঙ্খলা ও ক্ষিপ্রতা ছিল
(b) কাজে পটু ছিল
(c) কাজে আগ্রহ ছিল
(d) কাজে একনিষ্ঠতা ছিল

২৩। রহিমা তার স্বামীর মৃত্যুতে বাধ্য হয়ে শহরের একটি মেসে রান্নার কাজ নেয়। উদ্দীপকের রহিমার সাথে কোন চরিত্রের সাদৃশ্য লক্ষ করা যায়? [ম.বো.'২২]
(a) লক্ষ্মী বউ (b) মমতাদি (c) সর্বজয়া (d) সুভা

২৪। 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে'–'মমতাদি' গল্পে কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? [সি.বো.'২২]
(a) কৃতজ্ঞতা (b) সতর্কতা
(c) মমতা (d) দায়িত্ব

২৫। 'মেঘ না চাইতেই জল'- প্রবাদটির ভাবার্থ কোন চরিত্রে লক্ষণীয়? [ঢা.বো.'২০]
(a) সর্বজয়া (b) হরিহর (c) মমতাদি (d) কাঙালী

২৬। "ঘরে আর একটি জিনিস ছিল"-'মমতাদি' গল্পের এ বাক্যে জিনিসটি হলো- [রা.বো.'২০]
(a) টাইমপিস (b) ভাঙা টেবিল
(c) মেরামত করা আর্সি (d) বছর পাঁচেকের ছেলে

## উত্তরমালা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০৯. b | ১০. b | ১১. a | ১২. a | ১৩. b | ১৪. c | ১৫. c | ১৬. a | ১৭. c |
| ১৮. c | ১৯. a | ২০. c | ২১. d | ২২. a | ২৩. b | ২৪. c | ২৫. c | ২৬. d |

২৭। মমতাদির ঘরে বিশৃঙ্খলতার অন্ত নেই কেন? [য.বো.'২০]
(a) আলো বাতাসের দীনতা (b) সযত্নে গুছিয়ে না রাখা
(c) শ্রীহীনতা (d) সংকীর্ণতা

২৮। 'মমতাদি' গল্পে গৃহকর্মে নিয়োজিত মানুষের প্রতি আচরণের কোন দিকটা প্রকাশ পেয়েছে? [ব.বো.'২০]
(a) সামাজিক (b) মানবিক
(c) নিষ্ঠুর (d) অর্থনৈতিক

২৯। ঘরে ঢুকেই মমতাদি ছেলেকে নিয়ে ব্যস্ত হয়ে পড়েছিল কী কারণে? [দি.বো.'২০]
(a) ছেলেটি অসুস্থ ছিল বলে
(b) ছেলেটি সারারাত ঘুমায়নি
(c) ছেলেটি ঘরে একা ছিল
(d) ছেলেটিকে কমলালেবু খাওয়াবে বলে

৩০। ধরা ছোঁয়ার অতীত শব্দহীন অনুভূতিহীন কে? [ম.বো.'২০]
(a) সুভা (b) প্রতাপ (c) বুধা (d) মমতাদি

৩১। 'মমতাদি' গল্পে মাস্টারের চড় খেয়ে কার গালে আঙ্গুলের দাগ হয়েছিল? [চ.বো.'১৯]
(a) অবনীর (b) জীবনময়ের
(c) মমতাদির (d) বামুনদির

## বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ MCQ প্র্যাক্টিস প্রবলেম

৩২। মমতাদির ছেলের বয়স কত ছিল?
(a) তিন বছর (b) চার বছর
(c) পাঁচ বছর (d) ছয় বছর

৩৩। মমতাদির বাড়িটি কোন গলিতে?
(a) বাবু বাজার গলিতে (b) কমিশনার গলিতে
(c) জীবনময়ের গলিতে (d) জীবন গলিতে

৩৪। মমতাদি স্বামীর চাকরি সংক্রান্ত মিথ্যা কথা বলেছিল কেন?
(a) গুরুনিন্দা বাঁচাতে
(b) আত্মসম্মান রক্ষার্থে
(c) স্বভাব দোষে
(d) নিজে কাজ ছেড়ে দেবার উদ্দেশ্যে

৩৫। জীবনময়ের গলির মোড়ে মমতাদি কী করছিল?
(a) কমলালেবু কিনছিল (b) আপেল কিনছিল
(c) অপেক্ষা করছিল (d) গল্প করছিল

৩৬। 'অতসীমামী' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
(a) শিখা (b) সওগাত
(c) সবুজপত্র (d) বিচিত্রা

৩৭। 'দিবারাত্রির কাব্য' গ্রন্থটির রচয়িতা কে?
(a) নারায়ণ দেবনাথ (b) দীনেশ চন্দ্র
(c) মানিক বন্দ্যোপাধ্যায় (d) হরিহর বন্দ্যোপাধ্যায়

৩৮। নিচের কোনটি মানিক বন্দ্যোপাধ্যায়ের রচনা?
(a) পদ্মানদীর মাঝি (b) পুতুল নাচের ইতিকথা
(c) চতুষ্কোণ (d) সবগুলো

৩৯। লেখক মমতাদির চোখ দুটির কীরূপ বর্ণনা দিয়েছেন?
(a) স্থির চঞ্চল (b) স্থির অচঞ্চল
(c) স্থির এবং বড় বড় (d) চঞ্চল এবং ডাগর ডাগর

৪০। মমতাদির কপালে কী ছিল?
(a) লাল টিপ (b) কালো টিপ
(c) ক্ষতচিহ্ন (d) তিল

৪১। 'যার অমন মিষ্টি গলা, চোখে মুখে যার উপচে পড়া স্নেহ, তার ব্যবহার এমন রূঢ়!' -লেখক কার সম্পর্কে উক্ত মন্তব্যটি করেছেন?
(a) প্রবাসী বন্ধু (b) প্রতিবেশী
(c) অবনী (d) মমতাদি

৪২। লেখকের মতে মমতাদি-
(i) ছায়াময়ী মানবী
(ii) ছায়ার মতোই ম্লানিমার ঐশ্বর্যে মহীয়সী
(iii) ধরাছোঁয়ার অতীত শব্দহীন, অনুভূতিহীন, নির্বিকার
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৪৩। মমতাদির নিজের নতুন অবস্থানে অভ্যস্ত হতে কতদিন সময় লেগেছিল?
(a) সপ্তাহখানেক (b) পনের দিন
(c) এক মাস (d) দুই মাস

৪৪। 'সে এমনভাবে হাসল যে লজ্জা পেলাম।'-কে লজ্জা পেয়েছিল?
(a) মমতাদি (b) লেখক
(c) অবনী (d) মমতাদির ছেলে

৪৫। মমতাদি আর লেখকদের বাড়িতে আসত না, লেখকের এরূপ আশঙ্কা করার কারণ যদি-
(i) মা বলতেন খোকা উঠে আয়
(ii) মা মুখ কালো করে সরে যেতেন
(iii) মা তাকে অপমানসূচক কিছু না বলতেন
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

## উত্তরমালা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৭. c | ২৮. b | ২৯. a | ৩০. d | ৩১. a | ৩২. c | ৩৩. c | ৩৪. a | ৩৫. a |
| ৩৬. d | ৩৭. c | ৩৮. d | ৩৯. b | ৪০. c | ৪১. d | ৪২. d | ৪৩. a | ৪৪. b |

৪৬। 'বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে' কে, কাকে বলেছেন?
(a) মা, ছেলেকে (b) লেখক, মমতাদিকে
(c) মা, মমতাদিকে (d) মমতাদি, অবনীকে

৪৭। মায়ের সম্মানের আগাগোড়া করুণা ও দয়া মাখা ছিল, সেটা বোধহয় তার সইল না। কার?
(a) লেখকের (b) মমতাদির
(c) অবনীর (d) মমতাদির ছেলের

৪৮। লেখক মমতাদির গালে কীসের দাগ দেখতে পেয়েছিল?
(a) কালির (b) মাটির (c) রংয়ের (d) আঙ্গুলের

৪৯। মমতাদিকে মা বললেন, 'অমন কথা তোমার শত্রুও বলতে পারবে না মা। কোন কথা?
(a) তুমি ঠিকমত আসছ না
(b) তোমার কাজ ভাল হচ্ছে না
(c) তুমি বকবক কর
(d) তোমার মাথার চুল ছোটো

৫০। মমতাদির শোবার ঘরে চৌকির তলে কী ছিল?
(a) চরকা (b) বেতের বাস্কেট
(c) ট্রাংক (d) a ও b উভয়ই

৫১। 'আগাগোড়া দড়ির ব্যান্ডেজের জোরে কোনমতে দাঁড়িয়ে আছে' -কে?
(a) চৌকি (b) অবনী
(c) ট্রাংক (d) ভাঙ্গা টেবিল

৫২। মমতাদির ঘরে টেবিলে ছিল-
(i) একটি অল্প দামী টাইমপিস
(ii) একটা মেরামত করা আর্সি
(iii) কয়েকটা ভাঁজ করা সংবাদপত্র
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

৫৩। 'অপ্রতিভ' শব্দের অর্থ কী?
(a) অপ্রস্তুত (b) তাড়াতাড়ি
(c) অকাল (d) প্রভাত

৫৪। মমতাদি সবার কাছ থেকে কার মত ভালবাসা পাবার ইচ্ছা প্রকাশ করেছেন?
(a) অবনীর (b) হরিহরের
(c) লেখকের (d) লেখকের মায়ের

৫৫। 'সারাদিন বকবক করে'- কে?
(a) লেখকের মা (b) গল্পকথক
(c) মমতাদি (d) মমতাদির স্বামী

৫৬। মমতাদির ছেলে সারারাত কেন ঘুমায়নি?
(a) জ্বরে (b) পেট ব্যথায়
(c) ক্ষুধায় (d) শীতে

উত্তরমালা

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪৬. c | ৪৭. b | ৪৮. d | ৪৯. b | ৫০. d | ৫১. d | ৫২. d | ৫৩. a | ৫৪. c | ৫৫. b | ৫৬. b |

## MCQ প্রশ্নের ব্যাখ্যামূলক সমাধান

### বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নসমূহের সমাধান

১২। **সমাধান: (a);** "কাজের শৃঙ্খলা ও ক্ষিপ্রতা দেখে সকলে তো খুশি হলেন...।"
২৪। **সমাধান: (c);** এ লাইন দ্বারা মূলত খোকার ওপর তার মায়ের মমতাই প্রকাশিত হয়েছে। লাইনের প্রেক্ষাপটে সেটা স্পষ্ট হয়।
২৭। **সমাধান: (c);** "শ্রীহীনতার জন্য সযত্নে গুছিয়ে রাখা সত্ত্বেও মনে হচ্ছে বিশৃঙ্খলতার অন্ত নেই।"

## জ্ঞানমূলক CQ প্রশ্ন ও নমুনা উত্তর

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহ

০১। মমতাদির মাইনে কত টাকা ঠিক করা হলো? [ম.বো.'২৪]
**উত্তর:** মমতাদির বেতন ১৫ টাকা ঠিক করা হলো।

০২। মমতাদির দু চোখ সজল হয়ে উঠল কেন? [ব.বো.'২৪]
**উত্তর:** কৃতজ্ঞতায় মমতাদির দু চোখ সজল হয়ে উঠল

০৩। **মমতাদির উঠান কী দিয়ে দুভাগ করা ছিল?** [কু.বো.'২৩]
উত্তর: মমতাদির উঠান কাঠের প্রাচীর দিয়ে দুভাগে ভাগ করা হয়েছে।

০৪। **'অনাড়ম্বর' অর্থ কী?** [কু.বো.'২২, ম.বো.'২৩]
উত্তর: 'অনাড়ম্বর' অর্থ জাঁকজমকহীন।

০৫। **মমতাদি কোন গলিতে বাস করতেন?** [য.বো.'২২]
উত্তর: মমতাদি জীবনময়ের গলিতে বাস করতেন।

০৬। **মমতাদির কপালের ক্ষতচিহ্নটি কেমন?** [রা.বো.'১৯]
উত্তর: মমতাদির কপালের ক্ষতচিহ্নটি আন্দাজে পড়া টিপের মতো।

০৭। **মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম কী?** [কু.বো.'১৭]
উত্তর: মানিক বন্দ্যোপাধ্যায়ের আসল নাম প্রবোধ কুমার বন্দ্যোপাধ্যায়।

## বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম

০৮। **খোকাকে মমতাদি কী বলে ডাকতে বলেছিলো?**
উত্তর: খোকাকে মমতাদি 'দিদি' বলে ডাকতে বলেছিলো।

০৯। **গল্পকথক মমতাদিকে প্রথমে কী বলে ডাকে?**
উত্তর: গল্পকথক মমতাদিকে প্রথমে বামুনদি বলে ডাকে।

১০। **মমতাদি তার মাইনে কত টাকা আশা করেছিলো?**
উত্তর: মমতাদি তার মাইনে ১২ টাকা আশা করেছিলো।

# অনুধাবনমূলক CQ প্রশ্ন ও নমুনা উত্তর

## বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহ

০১। **'কারো কাছে যা পাই না, তুমি তা দেবে কেন' কথাটি বলার কারণ কী? বুঝিয়ে লেখ।** [ম.বো.'২৪]
উত্তর: নিজের আত্মমর্যাদাবোধ সমুন্নত রাখতে মমতাদি খোকাকে বামুনদি ডাকতে নিষেধ করেন।
সংসারের অভাবের কারণে মমতাদি পর্দা ঠেলে উপার্জন করতে বের হয়েছেন ঠিকই, কিন্তু তার মধ্যে আত্মমর্যাদাবোধ সবসময় সমুন্নত ছিল। তিনি নিজে যেমন সম্মান প্রত্যাশী, তেমনি অন্যকেও স্নেহ ভালোবাসা দেবার ক্ষেত্রে তাঁর মধ্যে দ্বিধা ছিল না। তাই তিনি গল্পের খোকাকে ভাইয়ের মর্যাদা দেন। কিন্তু তার মুখে বামুনদি ডাক মমতাদির আত্মমর্যাদাবোধে আঘাত করে বলে তিনি নিজের সম্মান বজায় রাখতে খোকাকে বামুনদি ডাকতে নিষেধ করেন।

০২। **মমতাদি উপার্জনের জন্য বাইরে এসেছিল কেন? বুঝিয়ে লিখ/মমতাদি পর্দা ঠেলে বাইরে এসেছে কেন? বুঝিয়ে লিখ।** [ কু.বো,'২৩; রা.বো.'২৩]
উত্তর: সংসারে অভাব অনটন এবং স্বামীর চাকরি না থাকায় মমতাদি বাধ্য হয়ে উপার্জনের জন্য পর্দা ঠেলে বাইরে এসেছিল।
মমতাদি ভদ্র ও মর্যাদাসম্পন্ন পরিবার থেকে আসা একজন আত্মমর্যাদাসম্পন্ন নারী। তার স্বামী চার মাস ধরে বেকার, ফলে তার সংসারে প্রচুর অভাব ছিল। তাই সংসারের কথা চিন্তা করে সে পর্দা ঠেলে বাইরে উপার্জন করতে বাধ্য হয়েছে।

০৩। **মমতাদিকে 'ছায়াময়ী মানবী' বলা হয়েছে কেন?** [য.বো.' ম.বো.'২৩; রা.বো.'২২; কু.বো.'২০,দি.বো.'২০]
উত্তর: ছায়ার মতো ম্লানিমার ঐশ্বর্যে মহীয়সী ধরাছোঁয়ার অতীত শব্দহীন, অনুভূতিহীন, নির্বিকার আচরণের জন্য মমতাদিকে ছায়াময়ী মানবী বলা হয়েছে।
প্রথমদিন কাজে এসে মমতাদি কাজগুলিকে আপন করে নিয়েছিলেন, মানুষগুলোর দিকে ফিরেও তাকাননি। লেখক তার সাথে ভাব করার জন্য ব্যস্ত হয়ে উঠলেও মমতাদি তাকে রীতিমতো উপেক্ষা করেন। নিজেকে প্রকাশ করার চেষ্টা না করে কাজ নিয়ে ডুবে থাকেন। তার এরূপ আচরণের কারণে লেখক তাকে ছায়াময়ী মানবী বলেছেন।

০৪। **"বেশি আস্কারা দিও না, জ্বালিয়ে মারবে"— কথাটি বলার কারণ কী? বুঝিয়ে লেখ।** [সি.বো.'১৯,ব.বো.'২২,কু.বো.'১৭]
উত্তর: স্কুল পড়ুয়া ছেলেটির চঞ্চলতাকে বোঝানোর জন্য তার মা উক্তিটি করেছেন।
'মমতাদি' গল্পের কথক মমতাদির সাথে ভাব করার আশায় ব্যাকুল ছিলেন। সেই আশাতেই তিনি একদিন রান্নাঘরে গিয়ে মমতাদির সাথে গল্প জুড়ে দেন। মমতাদিও তাকে আদর করে কাছে টেনে নেন। কিন্তু এসময় কথকের মা এসে পড়লে মমতাদি বিব্রত হয়ে হাত সরিয়ে নেন। তবে পরক্ষণেই নিজেকে সামলে নিয়ে কথকের কপালে চুম্বন করেন এবং তার মায়ের উদ্দেশ্যে বলেন- এত কথা কইতে পারে আপনার ছেলে। মমতাদি মূলত নিজের গর্ব প্রতিষ্ঠার লোভেই এরূপ করেন এবং কথকের মাও তাকে সায় দেন এবং নিজের ছেলের স্বভাব ব্যাখ্যা করে উক্তিটি করেন।

### বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম

০৫। **"মনে হচ্ছে পাতালে চলেছো, না?" এই উক্তির কারণ ব্যাখ্যা করো।**

উত্তর: জীবনময় গলির অস্বস্তিকর পরিবেশের কথা ইঙ্গিত করে কথাটি বলা হয়েছে।

মমতাদির বাড়ি যেখানে, সে জীবনময়ের গলিটি ছিলো খুবই নোংরা ও ঘিঞ্জি। গলির দুপাশের বাড়ির জন্য হাঁটার রাস্তা খুবই সরু, তার ওপর যত্রতত্র আবর্জনা ফেলা। গল্পকথর এমন পরিবেশের সাথে অভ্যস্ত না থাকায় তাকে বাড়ি নিয়ে যাবার সময় মমতাদি একথা বলে।

০৬। **"সে হেসে লেবু দিল, বললো কৃতার্থ হলা" – উক্তিটি ব্যাখ্যা করো।**

উত্তর: উক্তিটির মাধ্যমে গল্পকথকের প্রতি মমতাদির স্নেহ প্রকাশিত হয়েছে।

মমতাদির অভাবের সংসারে গল্পকথক বেড়াতে এলে মমতাদি তাকে একটা লেবু দিয়ে আপ্যায়ন করে। জাতপাত বা শ্রেণি বিভাজনের সংকোচন না করে কথক মমতাদির কাছে আরো একটি চেয়ে নিয়ে খাওয়ায় মমতাদি খুশি হয়ে একথা বলে।

০৭। **"ভাবিস না, তোকে খুব ভালোবাসবে।" মায়ের এ মন্তব্যে কারণ কী? ব্যাখ্যা করো।**

উত্তর: প্রথমদিন মমতাদির কাছে আকাঙ্ক্ষিত আদর না পেয়ে গল্প কথকের মন খারাপ হওয়ায় তার মা একথা বলেছিলো।

সংকোচের কারণে প্রথমদিন গল্পকথক মমতাদির সাথে ভাব জমাতে ছুটে গেলেও মমতাদি তাকে একপ্রকার অবহেলা করেই চলে যান। এতে সে দুঃখিত হয়। কিন্তু গল্প কথকের অভিজ্ঞ মা মমতাদির স্নেহভরা চাহনি দেখে বুঝতে পেরেছিলেন যে সংকোচ কেটে গেলেই মমতাদি কথককে ভালোবেসে আপন করে নেবে। তাই তিনি একথা বলেছিলেন।

## প্রয়োগ ও উচ্চতর দক্ষতামূলক সৃজনশীল প্রশ্ন

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহ

০১। লিজা তৃতীয় শ্রেণিতে পড়ে। তাদের বাড়িতে তার সমবয়সি লতিফা নামে একটি কাজের মেয়ে থাকে। অভাবের তাড়নায় সে এ বাড়িতে কাজে এসেছে। লিজা তার সাথে খেলাধুলা ও গল্প করতে চায়। কিন্তু লিজার মা ওদের দুজনের একসাথে দেখলেই বকা দেয়। লিজা ওর মায়ের অনুপস্থিতিতে লতিফার সাথে কখনো কখনো পুতুল খেলে, টিভি দেখে। কিন্তু লতিফা লিজার সাথে মিশতে ভয় পায় কারণ লিজার মা যদি দেখে ফেলে। [ম.বো.'২৪]

(গ) লতিফার সাথে 'মমতাদি' গল্পের মমতাদির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

(ঘ) "উদ্দীপকের লিজার মা যেন 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বিপরীত মানসিকতা ধারণ করেছে" –মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

০২। বিয়ের অল্পদিন পরেই মনিরার স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যায়। পরিবারে নেমে আসে অভাব অনটন। সে আমান সাহেবের বাসায় গৃহকর্মীর কাজ নেয়। গৃহের যাবতীয় কাজসহ আমান সাহেবের মা-মরা দুটো সন্তানকে গভীর মমতায় দেখাশোনা করে। আমান সাহেব ও তার সন্তানেরা মনিরাকে অত্যন্ত ভালোবাসে। [সি.বো.'২৩]

(গ) উদ্দীপকের মনিরা 'মমতাদি' গল্পের যে চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকটি 'মমতাদি' গল্পের সমগ্রভাবকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও । ৪

০৩। বাংলাদেশের উপকূলীয় এলাকায় ১৯৯১ সালের প্রলয়ংকরী ঘূর্ণিঝড়ে বনেদি পরিবারের পুত্রবধূ ফিরোজা সর্বস্বান্ত হন। একজন হৃদয়বান পদস্থ কর্মকর্তা সুলতান সাহেব দু'সন্তানসহ ফিরোজাকে আশ্রয় দেন। ফিরোজার কর্মদক্ষতা ও সততায় মুগ্ধ হয়ে সুলতান সাহেবের পরিবার তাদেরকে আপন করে নেন। সুলতান সাহেব ফিরোজার দুসন্তানকে উচ্চ শিক্ষার সুযোগ করে দেন। সময়ের পরিক্রমায় ফিরোজার দু'সন্তান এখন কর্মক্ষেত্রে সুপ্রতিষ্ঠিত। [ম.বো.'২৩]

(গ) উদ্দীপকের ফিরোজা 'মমতাদি' গল্পের মমতাদির সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকের সুলতান সাহেব 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর প্রতিনিধিত্ব করেন কি? যুক্তিসহ আলোচনা কর। ৪

### বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম

০৪। শেফালীর সংসার আয়-রোজগারহীন হওয়ায় তার জীবন কঠিন হয়ে পড়েছে। সে অন্যের বাড়িতে কাজ করার সিদ্ধান্ত নেয় এবং সুনী রহমান নামক এক উচ্চপদস্থ কর্মকর্তার বাড়িতে ঝিয়ের কাজ নেয়। শেফালী সুনী রহমানের ছোটো বাচ্চাদের অত্যন্ত যত্নে দেখাশোনা করে এবং অন্যান্য দায়িত্ব পালন করে। যদিও শেফালীর সংসারে অনেক কষ্ট আছে, তবুও সে কখনো তাদের অভাব-অনটনের কথা সুনী রহমানকে বলেনি। সুনী রহমান তার অবস্থা বুঝতে পেরে শেফালীকে মাসিক বেতন বাড়িয়ে দেন।

(গ) উদ্দীপকের সুমী রহমান 'মমতাদি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকের শেফালী 'মমতাদি' গল্পের মমতাদিরই প্রতিচ্ছবি"- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## প্রয়োগ ও উচ্চতর দক্ষতামূলক সৃজনশীল প্রশ্নের সমাধান

### বিগত বছরের বোর্ড পরীক্ষার গুরুত্বপূর্ণ CQ প্রশ্নসমূহের সমাধান

০১। **গ.** অভাবের তাড়নায় অন্যের বাড়িতে কাজ করতে আসা এবং সেখানে গৃহকর্ত্রীর সন্তানের সাথে সখ্য গড়ে ওঠার দিক থেকে উদ্দীপকের লতিফার সাথে মমতাদির মিল বিদ্যমান।

'মমতাদি' গল্পে মমতাদির স্বামীর চাকরি না থাকায় তাকে সংসার চালাতে পর্দা ঠেলে বাড়ির বাইরে উপার্জন করতে আসতে হয়। মমতাদি যেই বাড়িতে কাজ নেন, সেই বাড়ির খোকা তাঁকে দেখে আনন্দিত হয়, তাঁকে নিজের বাড়ির একজন বলে ভাবতে শুরু করে। কিন্তু শুরুর দিকে মমতাদি সতর্ক থাকেন। তিনি ছায়াময়ী মানবীর মতো বাড়ির মানুষগুলোকে বাদ দিয়ে নিজের কাজগুলোকে আপন করে নেন। প্রথম যখন খোকার সাথে তাঁর সম্পর্ক সহজ হয়, তখনও মমতাদি খোকার মায়ের ভয়ে ভীত ছিলেন। কিন্তু তাঁর দিক থেকে ইতিবাচক সাড়া পেলে তিনি খোকাকে আপন করে নেন, তাকে ছোটো ভাইয়ের মর্যাদা দেন, নিজের বাড়িতে নিয়ে যথাসামর্থ্য আপ্যায়ন করেন। এভাবে মমতাদির সাথে গল্পের কথক ছেলেটির এবং তার পরিবারের একটি মানবিক সম্পর্ক গড়ে ওঠে।

উদ্দীপকেও দেখা যায়, অভাবের তাড়নায় লতিফা লিজাদের বাড়িতে কাজ নেয়। লতিফা ও লিজা মাঝে মাঝে একসাথে পুতুল খেললেও লতিফার মাঝে সর্বদাই লিজার মায়ের জন্য ভয় কাজ করে। গল্পের খোকার মায়ের মতো উদ্দীপকের গৃহকর্ত্রী সহানুভূতিশীল না হওয়ায় উদ্দীপকের লতিফা ও লিজার সম্পর্কটি কোনো ইতিবাচক পরিণতি পায়নি। কিন্তু এখানেও সমবয়সি লিজার সাথে লতিফার একটি মানবিক সম্পর্ক গড়ে উঠেছে। তাই সার্বিক আলোচনার প্রেক্ষিতে বলা যায়, অভাবের তাড়নায় অন্যের বাড়িতে কাজ নেয়া এবং গৃহকর্ত্রীর সন্তানের সাথে একটি মানবিক সম্পর্ক গড়ে ওঠার দিক থেকে উদ্দীপকের লিজা এবং 'মমতাদি' গল্পের মমতাদির মধ্যে মিল বিদ্যমান।

**ঘ.** "উদ্দীপকের লিজার মা যেন 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বিপরীত মানসিকতা ধারণ করেছে" – মন্তব্যটি যথার্থ।

মমতাদি গল্পে গৃহকর্মে নিয়োজিত মানুষের প্রতি মানবিক আচরণের দিকটি প্রাধান্য পেয়েছে। আত্মমর্যাদাসম্পন্ন ঘরের মেয়ে হওয়া সত্ত্বেও যখন সংসার চালানোর জন্য মমতাদিকে খোকাদের বাড়িতে কাজ নিতে হয়, তখন খোকার মা তাঁর অবস্থা উপলব্ধি করে তাঁকে প্রত্যাশারও অধিক বেতন প্রদান করেন। সম্মান ও সহমর্মিতা নিয়ে মমতাদির পাশে দাঁড়ায় স্কুলপড়ুয়া খোকা ও তার পরিবার। মমতাদির সাথে ছেলেটির ভাই-বোনের সম্পর্ক গড়ে ওঠে। ছেলেটির মা-ও মমতাদিকে তিরস্কার না করে বরং তাদের এই সম্পর্ককে সমর্থন করেন। মমতাদির স্বামীর চাকরি হয়েছে শুনে ছেলেটি উৎফুল্ল হয়, তার মা-ও খুশি হন। তিনি মমতাদিকে জানান যে, তিনি চাইলে যেকোনো সময় কাজ ছেড়ে দিতে পারেন। কিন্তু মমতাদি কাজ ছাড়তে না চাইলে তিনি তাতেও সমর্থন জানান। অর্থাৎ, মমতাদিকে গল্পের ছেলেটি ও তার পরিবার সর্বোতভাবে সবসময় সাহায্য করেছে। সামাজিক শ্রেণি যে মানবিক সম্পর্ক প্রতিষ্ঠায় কোনো বাধা হতে পারে না, গল্পটি থেকে আমরা এ শিক্ষাই লাভ করি।

কিন্তু উদ্দীপকে দেখা যায়, লতিফা অভাবের তাড়নায় লিজাদের বাড়িতে কাজ নিলে লিজার মা সবসময় তাকে লিজার থেকে দূরে দূরে রাখার চেষ্টা করেন, তাকে অবজ্ঞার চোখে দেখেন। লিজার সাথে তাকে কখনও দেখলে বকা দেন। লিজা যদিও কখনো কখনো লতিফার সাথে পুতুল খেলে, কিন্তু লতিফাকে সর্বদাই লিজার মায়ের জন্য ভয়ে তটস্থ থাকতে হয়। অর্থাৎ, এখানে লিজার মা লিজা ও লতিফার মধ্যে স্বাভাবিক মানবিক সম্পর্ক তৈরি হতে দেননি। বরং তিনি এক্ষেত্রে বাধার সৃষ্টি করেছেন।

তাই সার্বিক আলোচনার প্রেক্ষিতে বলা যায়, "উদ্দীপকের লিজার মা 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর বিপরীত মানসিকতা ধারণ করেছে" – উক্তিটি যথার্থ ও যুক্তিযুক্ত।

০২। **গ.** উদ্দীপকের মনিরা 'মমতাদি' গল্পের মমতাদির সাথে সাদৃশ্যপূর্ণ।

উদ্দীপকের মনিরার পরিবারে তার স্বামী মারা যাওয়ায় অভাব অনটন দেখা দেয়। ফলে সে আমান সাহেবের বাসায় গৃহকর্মীর কাজ নেয়। বাড়ির যাবতীয় কাজ করার পাশাপাশি সে আমান সাহেবের মাতৃহারা দুই সন্তানকেও গভীর মমতায় দেখাশোনা করে। আমান সাহেবের পরিবারও তাকে অত্যন্ত ভালোবাসে।

'মমতাদি' গল্পের মমতাদির ক্ষেত্রেও পারিবারিক অভাব এবং আয়ের পথ হিসেবে গৃহকর্মকে বেছে নেওয়ার বিষয়টি লক্ষ করা যায়। স্বামীর রোজগার না থাকায় সে খোকাদের বাড়িতে গৃহকর্মী হিসেবে আসে। নিজের দক্ষতা, কর্মনিষ্ঠা ও ভালোবাসার মাধ্যমে সে পরিবারের সবার মন জয় করে। বিশেষ করে স্কুল পড়ুয়া ছোটো ছেলেটিকে সে অনেক ভালোবাসে। ছেলেটিও মমতাদিকে নিজের বড় বোনের মতো শ্রদ্ধা করে। এসব বিষয় বিবেচনায় মনিরা ও মমতাদি সাদৃশ্যপূর্ণ চরিত্র।

ঘ. উদ্দীপকের মধ্যে 'মমতাদি' গল্পের কিছু বিষয় ফুটে উঠলেও গল্পের সমগ্রভাবকে ধারণ করতে সক্ষম হয়নি। 'মমতাদি' গল্পের মূলভাব উদ্দীপক থেকে ব্যাপক ও বিস্তৃত।

উদ্দীপকে মনিরা ও আমান সাহেবের মাধ্যমে গৃহকর্মীদের প্রতি সদয় হওয়ার বার্তা দেওয়া হয়েছে। সামাজিক শ্রেণি যে মানবিক সম্পর্ক প্রতিষ্ঠায় বাধা হতে পারে না; এই শিক্ষা দেওয়া হয়েছে। দরিদ্রদের সহায়তা করার বিষয়টিও এখানে দৃশ্যমান।

'মমতাদি' গল্পের মধ্যেও লেখক মমতাদি এবং ছোটো ছেলে ও তার পরিবারের মাধ্যমে উপরে উল্লিখিত বার্তাসমূহ দিয়েছেন। তবে এখানে আরও কিছু বিষয় ফুটে উঠেছে। মমতাদি একজন আত্মমর্যাদাসম্পন্ন নারী ছিল। তাকে কেউ ছোটো করে দেখলে বা অপমান করলে তা সে কখনো মেনে নেবে না। আবার তার দায়িত্ববোধ ও দক্ষতাও গল্পে ফুটে উঠেছে। একজন মানুষকে যে আত্মমর্যাদাবান হতে হবে, সে শিক্ষাও আমরা 'মমতাদি' গল্প হতে পাই।

'মমতাদি' গল্পে আত্মমর্যাদাবান হওয়ার বিষয়টি ফুটে উঠলেও উদ্দীপকে এমন কিছু উল্লিখিত হয়নি। আবার 'মমতাদি' গল্পে কর্মনিষ্ঠা ও মমতাদির কর্মদক্ষতা দেখা গেলেও উদ্দীপকের ভেতর মনিরার কর্মনিষ্ঠা ও দক্ষতার ব্যাপারেও বিস্তারিত আলোচনা হয়নি। তাই বলা যায় যে, 'মমতাদি' গল্পের সমগ্রভাব উদ্দীপকে ফুটে ওঠেনি।

০৩। গ. উদ্দীপকের ফিরোজা 'মমতাদি' গল্পের মমতাদির চরিত্রের দায়িত্বশীলতা ও কর্তব্যনিষ্ঠার সাথে সাদৃশ্যপূর্ণ।

'মমতাদি' গল্পের মমতাদি আত্মমর্যাদাসম্পন্ন নারী। স্বামীর বেকারত্বের কারণে অভাবের তাড়নায় তিনি অন্যের বাড়িতে রাঁধুনির কাজ করেন। তিনি তার কাজগুলো খুব দায়িত্বশীলতার সাথে করে থাকেন। খোকার প্রতি স্নেহশীলতা ও কর্তব্যনিষ্ঠার জন্য তিনি সবার কাছে প্রশংসিত হন।

উদ্দীপকের ফিরোজা চরিত্রটি ঘূর্ণিঝড়ের কবলে পড়া সহায়সম্বলহীন অসহায় নারী। বনেদি অসহায় ফিরোজাকে আশ্রয় দেন উচ্চপদস্থ কর্মকতা সুলতান সাহেব। ফিরোজা তার দায়িত্বশীলতা, কর্মদক্ষতা ও সততার মাধ্যমে সুলতান সাহেবের পরিবারকে আপন করে নেয়। আত্মমর্যাদাসম্পন্ন নারী অন্যের উপর নির্ভর না করে নিজেই আত্মনির্ভরশীল হয়েছে। অনুরূপভাবে 'মমতাদি' গল্পেও মমতাদি তার ভালো ব্যবহার, খোকার প্রতি স্নেহশীলতা, কর্তব্যনিষ্ঠা ও আত্মনির্ভরতার মাধ্যমে সবার প্রশংসা অর্জন করেছে।

ঘ. উদ্দীপকের সুলতান সাহেব 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রী চরিত্রের প্রতিনিধিত্ব করেন।

'মমতাদি' গল্পের মমতাদি আত্মমর্যাদাসম্পন্ন নারী। স্বামীর বেকারত্বের কারণে পরের বাড়িতে রাঁধুনি হিসেবে কাজ করতে বাধ্য হয়। গল্প কথক খোকার মা মমতাদির আচার-ব্যবহার ও কর্মদক্ষতায় খুব খুশি হন। তার উপর উদারতা ও সহনশীলতার পরিচয় পাওয়া যায় বেতন বেশি দেওয়া থেকে শুরু করে প্রত্যেকটি ব্যবহারে। কাজের মেয়ে হওয়া সত্ত্বেও পরিবারের তার আন্তরিকতা ও সৌহার্দপূর্ণ আচরণের জন্য মমতাদিও সবার সাথে মানিয়ে নিতে পেরেছিল।

উদ্দীপকের সুলতান সাহেবের চরিত্রে পরিলক্ষিত হয় ফিরোজার প্রতি সহনশীলতা, সহানুভূতি ও সৌজন্যমূলক আচরণ। উদ্দীপকেও দেখা যায় ফিরোজা তার সততা ও কর্মদক্ষতার মাধ্যমে সুলতান সাহেবের পরিবারকে আপন করে নিয়েছে। তার কর্মে খুশি হয়ে সুলতান সাহেব তার দুই সন্তানকে উচ্চশিক্ষার সুযোগ করে দেন।

তাই বলা যায়, উদারতা ও আন্তরিকতার জন্য সুলতান সাহেব মমতাদি গল্পের গৃহকত্রী চরিত্রের প্রতিনিধিত্ব করেন। উভয়ই উদার ও মানবিক।

## বোর্ড পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ CQ প্র্যাক্টিস প্রবলেম সমাধান

০৪। গ. উদ্দীপকের সুমী রহমান এবং 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর মধ্যে সাদৃশ্য দেখা যায়। 'মমতাদি' গল্পে মমতাদি আর্থিক অনটনের কারণে অন্যের বাড়িতে কাজ করেন, এবং তার গৃহকর্ত্রী তাকে সম্মান দিয়ে পরিবারের সদস্য হিসেবে গ্রহণ করেন। মমতাদি গৃহকর্ত্রীর আচরণে সন্তুষ্ট হয়ে আন্তরিকভাবে কাজ করেন এবং পরিবারের আর্থিক অবস্থার উন্নতি হলেও সে কাজ ছাড়তে চায় না।

এভাবেই, উদ্দীপকের সুমী রহমানও 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর মতো সদয় ও মানবিক। শেফালী সুমী রহমানের বাড়িতে কাজ করে, এবং যদিও সে তার আর্থিক সমস্যা গৃহকর্ত্রীকে জানায়নি, সুমী রহমান তার বেতন বাড়িয়ে দেন। সুমী রহমানের এই উদারতা 'মমতাদি' গল্পের গৃহকর্ত্রীর মতোই, যা তাদের মধ্যে সাদৃশ্য সৃষ্টি করেছে।

ঘ. অর্থকষ্টে অন্যের বাড়িতে কাজ করা এবং আত্মসম্মানবোধের দিক থেকে উদ্দীপকের শেফালী 'মমতাদি' গল্পের মমতাদির প্রতিচ্ছবি হিসেবে দেখা যায়।

'মমতাদি' গল্পের মূল চরিত্র মমতাদি, যিনি আর্থিক সংকটের কারণে ভদ্র ঘরের বউ হয়েও অন্যের বাড়িতে ঝিয়ের কাজ নিতে বাধ্য হন। সেখানে তাকে কোন অনাদর পেতে হয়নি; গৃহকর্ত্রী তাকে পরিবারের সদস্যের মতোই দেখে এবং মমতাদি তার দক্ষতা ও নিষ্ঠার জন্য প্রশংসিত হন।

উদ্দীপকে শেফালীও একইভাবে অর্থনৈতিক সমস্যার কারণে অন্যের বাড়িতে ঝিয়ের কাজ করে। উচ্চপদস্থ কর্মকর্তা সুমী রহমানের বাড়িতে কাজ করে শেফালী, যেখানে সে শুধু ঘরের কাজই করে না, সুমী রহমানের সন্তানদেরও দেখাশোনা করে। শেফালীর কাজের প্রতি সততা ও নিষ্ঠা দেখে সুমী রহমান তার বেতন বাড়িয়ে দেন।

শেফালী ও মমতাদির মধ্যে আমরা এক ধরনের গুণাবলি দেখতে পাই। মমতাদি যেমন তার কাজের জন্য আত্মসম্মান বজায় রেখেছে, শেফালীও তেমনই। অর্থকষ্ট থাকা সত্ত্বেও সে গৃহকর্ত্রীকে টাকা বাড়ানোর জন্য অনুরোধ করতে পারে না, ঠিক যেমন মমতাদি নিজের মর্যাদা ধরে রেখেছে। উভয়েই নিজেদের কাজকে ভালোবেসে সম্পন্ন করেছে এবং এই কারণে শেফালী 'মমতাদি' গল্পের মমতাদির প্রতিচ্ছবি হয়ে উঠেছে।